শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

SCHOOL OF AGRICULTURE AND RURAL DEVELOPMENT

কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল

ভর্তি বিজ্ঞপ্তি

জুলাই-ডিসেম্বর, ২০২০ সিমেস্টার (২০২ টার্ম)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর **স্কুল অব এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট (সার্ড)** পরিচালিত ০৩ (তিন) বছর মেয়াদি **ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বিএজিএড)** প্রোগ্রামে ২০২ টার্মে (জুলাই-ডিসেম্বর, ২০২০) শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ভর্তি সংক্রান্ত তথ্যাবলি

আসন সংখ্যা ঃ ৭০ (প্রতি স্টাডি সেন্টারের জন্য)।

ভর্তির যোগ্যতা ঃ এইচএসসি (বিজ্ঞান গ্রুপ/কৃষিশিক্ষা বিষয়সহ যে কোনো গ্রুপ) অথবা চার/তিন বছর মেয়াদি কৃষি ডিপ্লোমা/সমমানের সার্টিফিকেটধারী এবং ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.০ (দুই) প্রাপ্ত হতে হবে।

ভর্তি প্রক্রিয়া ঃ আগে আসলে আগে পাবেন ভিত্তিতে।

টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষা ঃ সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে সাপ্তাহিক ছুটির দিন (শুক্রবার) মুখোমুখি/অনলাইন (বিশেষ পরিস্থিতিতে) টিউটোরিয়াল ক্লাস অনুষ্ঠিত হবে।

আবেদনপত্র সংগ্রহ, ফি জমা ও ভর্তির তারিখ ঃ ২৩/০৭/২০২০ হতে ২১/০৯/২০২০, বাউবি'র অফিস চলাকালীন সময়।

আবেদনপত্রসহ সর্বমোট ভর্তি ফি ঃ ১০০ + ৫৪৮৫ = ৫৫৮৫/- (পাঁচ হাজার পাঁচ শত পঁচাশি টাকা)। ব্যাংক ও আনুষাঙ্গিক চার্জ আবেদনকারী বহন করবেন। উক্ত ফির টাকা সর্বোচ্চ ২ (দুই) কিস্তিতে পরিশোধ করা যাবে। প্রথম কিস্তি ৩০০০ টাকা ৩১/০৮/২০২০ তারিখের মধ্যে এবং দ্বিতীয় কিস্তি ২৫৮৫ টাকা ২১/০৯/২০২০ তারিখের মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ফি জমা দিতে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ফরম সংগ্রহ ও জমাদান ঃ বাউবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র হতে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। এছাড়াও বাউবি'র ওয়েবসাইট (http://www.bou.edu.bd) থেকে ভর্তির আবেদনপত্র ডাউনলোড করে ব্যবহার করা যাবে। ভর্তির জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে আবেদনপত্র জমা দেয়ার সময় নির্ধারিত ব্যাংকে সর্বমোট ৫৫৮৫/- (পাঁচ হাজার পাঁচ শত পঁচাশি) টাকা জমার রশিদসহ সত্যায়িত সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট, মার্কশিট, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সার্টিফিকেট ও ২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

ভর্তি চূড়ান্তকরণ ঃ ভর্তি কর্মকর্তা ফি জমার রশিদ, প্রয়োজনীয় তথ্য ও সনদপত্রসমূহ মূল কাগজপত্রের সাথে যাচাই-বাছাইপূর্বক মনোনীত প্রার্থীদের ভর্তি চূড়ান্ত করবেন। সকল শিক্ষার্থীর তথ্যাবলি বাউবি'র সংশ্লিষ্ট ভর্তি কর্মকর্তা ২৪/০৯/২০২০ তারিখের মধ্যে BIMS Software-এ Entry সম্পন্ন করে সিস্টেম ম্যানেজার/পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি-কে অবহিত করবেন।

অধ্যয়নরত শিক্ষার্থীদের ২০২ টার্মে রেজিস্ট্রেশনঃ ২৩/০৭/২০২০ হতে ২১/০৯/২০২০ তারিখ পর্যন্ত অধ্যয়নরত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট ব্যাংকে নির্ধারিত ফি জমা দিয়ে বাউবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ সিমেস্টারের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

টিউটোরিয়াল ক্লাস রুটিনঃ বাউবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

বিএজিএড প্রোগ্রামের নিম্নবর্ণিত স্টাডি সেন্টারসমূহে শিক্ষার্থী ভর্তি করা হবে ঃ

স্টাডি সেন্টারের নাম ও ঠিকানা	বাউবি'র আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট ভর্তি কর্মকর্তার মোবাইল নম্বর
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), শেরেবাংলা নগর, ঢাকা	আঞ্চলিক কেন্দ্র, ঢাকা (০১৭১২১৩৬৯৩৯)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), শিমুলতলী, গাজীপুর	উপ-আঞ্চলিক কেন্দ্র, গাজীপুর (০১৭১৮৭১৩৩৮৮)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), শেরপুর	উপ-আঞ্চলিক কেন্দ্র, শেরপুর (০১৭১২৫৪৮৭৭২)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), তাজহাট, রংপুর	আঞ্চলিক কেন্দ্র, রংপুর (০১৭১৬৭০৯৪৩৪)
হাজী মো: দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর	উপ-আঞ্চলিক কেন্দ্র, দিনাজপুর (০১৭১৬৬৯৫৯১৮)
কেবিএম কলেজ, দিনাজপুর	
যুব প্রশিক্ষণ কেন্দ্র, তিনমাথা, রেলগেট, বগুড়া	আঞ্চলিক কেন্দ্র, বগুড়া (০১৭২০১১৮৬৫৫)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), গাইবান্ধা	উপ-আঞ্চলিক কেন্দ্র, গাইবান্ধা (০১৭১১৫৮৮২০১)
কাজী নজরুল ইসলাম ডিগ্রী কলেজ, যশোর	আঞ্চলিক কেন্দ্র, যশোর (০১৯২১১৫৭০১৫)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), ঝিনাইদহ	উপ-আঞ্চলিক কেন্দ্র, ঝিনাইদহ (০১৭২০৯৫৫৫২০)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), ঈশ্বরদী, পাবনা	উপ-আঞ্চলিক কেন্দ্র, পাবনা (০১৭১১০৭০৪৫১)
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী	আঞ্চলিক কেন্দ্র, রাজশাহী (০১৭৯৩৫৪৯০০১)
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	আঞ্চলিক কেন্দ্র, চট্টগ্রাম (০১৯৬৫৭৭০৩৩১)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), খাদিমনগর, সিলেট	আঞ্চলিক কেন্দ্র, সিলেট (০১৭১০৬০১৫৮২)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), দৌলতপুর, খুলনা	আঞ্চলিক কেন্দ্র, খুলনা (০১৯১৩৭৬৭৪২১)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), ফরিদপুর	আঞ্চলিক কেন্দ্র, ফরিদপুর (০১৭১৭০৬৪৯৩০)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), রহমতপুর, বরিশাল	আঞ্চলিক কেন্দ্র, বরিশাল (০১৯৭২০০৮১৫৬)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), হোমনা, কুমিল্লা	উপ-আঞ্চলিক কেন্দ্র, দাউদকান্দি (০১৮১৩০০৩১৩১৮)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), বেগমগঞ্জ, নোয়াখালী	উপ-আঞ্চলিক কেন্দ্র, নোয়াখালী (০১৮১৮১৬৭২৬৬)
*কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), আড়াইহাজার, নারায়ণগঞ্জ	উপ-আঞ্চলিক কেন্দ্র, নারায়ণগঞ্জ (০১৭১৭০১৮৪২৪)

* **কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), আড়াইহাজার, নারায়নগঞ্জ** নতুন স্টাডি সেন্টারে ভর্তির জন্য আবেদনকারীর সংখ্যা ৩০ (ত্রিশ) জনের কম হলে তাদেরকে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), শেরেবাংলা নগর, ঢাকা স্টাডি সেন্টারের অধীন ভর্তি করানো হবে।

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও যোগাযোগ ঃ সংশ্লিষ্ট স্কুল ও আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় **অথবা** বাউবি'র ওয়েবসাইট (www.bou.edu.bd) ভিজিট করুন ।

ই-বুক ঃ বাউবি'র ওয়েবসাইট (http://www.ebookbou.edu.bd/B_Ag_Ed.php) ভিজিট করে ভর্তিকৃত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট সিমেষ্টারের কোর্স বইসমূহ ডাউনলোড করতে পারবেন।

শিক্ষার্থীর রেজিস্ট্রেশন/ভর্তি বাতিলঃ ভর্তির আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলী মিথ্যা ও সংযুক্ত কাগজপত্র ভূয়া প্রমাণিত হলে যেকোন সময় ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

অধ্যাপক ড. মো: সিরাজুল ইসলাম
বিএজিএড প্রোগ্রাম সমন্বয়কারী
কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
মোবাইল : ০১৭১৬৭৯৮৯৪৫

অধ্যাপক ড. মোঃ ফরিদ হোসেন
ডিন
কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ফোন: ৯২৯১১১০